অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/11/2026 **গভর্নর ক্যাথি হোকল**

আপনার পকেটে অর্থ: গভর্নর হোকল অটোর ইনস্যুরেন্স রেট সংশ্লিষ্ট খরচ কমানো এবং ভুয়া দাবির সমাধান করার প্রস্তাবনাগুলি তুলে ধরলেন

জালিয়াতির বিরুদ্ধে লড়াই, অসাধু ব্যক্তিদেকে দেওয়া ক্ষতিপূরণের পরিমাণ সীমিত করা এবং ইনস্যুরেন্স কোম্পানির বদলে ভোক্তাদের অগ্রাধিকার নিশ্চিত করার জন্য পদক্ষেপ

নিউ ইয়র্ক স্টেটকে আরো সাশ্রয়ী করে তোলা এবং নিউ ইয়র্কবাসীর পকেটে অর্থ ফিরিয়ে দেওয়ার জন্য গভর্নরের চেষ্টার উপর ভিত্তি করে প্রস্তাবনাগুলি তৈরি হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে পুরো নিউ ইয়র্ক স্টেটে অটো ইনস্যুরেন্স রেট সংশ্লিষ্ট খরচ কমানো এবং ভুয়া দাবির সমাধান করার জন্য তার প্রস্তাবনাগুলি তুলে ধরেছেন। গভর্নর জালিয়াতির বিরুদ্ধে লড়াই, অসাধু ব্যক্তিদেরকে দেওয়া ক্ষতিপূরণের পরিমাণ সীমিত করা এবং ইনস্যুরেন্স কোম্পানির বদলে ভোক্তাদের অগ্রাধিকার নিশ্চিত করার জন্য কমনসেন্সের পদক্ষেপ নিচ্ছেন। এই প্রস্তাবগুলো নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করে তোলা এবং পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর পকেটে আবার অর্থ ফিরিয়ে দেওয়ার লক্ষ্যে গভর্নর Hochul (হোকল)-এর চলমান প্রচেষ্টার ওপর ভিত্তি করে গড়ে উঠেছে।

"অধিকাংশ মানুষের জন্য গাড়ির ইনস্যুরেন্স কোনো বিলাসিতা নয় — এটি একটি প্রয়োজনীয়তা, বিশেষ করে লং আইল্যান্ডে, যেখানে মানুষ কাজে যেতে, স্কুলে যেতে বা এমনকি মুদি কেনাকাটা করতেও তাদের গাড়ির ওপর নির্ভর করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই সাধারণ কাণ্ডজ্ঞানসম্পন্ন প্রস্তাবগুলো সেইসব অসাধু চক্রকে প্রতিহত করবে যারা গাড়ির ইনস্যুরেন্স সংশ্লিষ্ট খরচ বাড়িয়ে দিচ্ছে এবং সেই আর্থিক বোঝা নিরপরাধ, কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের ওপর চাপিয়ে দিচ্ছে।"

নিউ ইয়র্কবাসীরা যে গাড়ির ইনস্যুরেন্সের হার পরিশোধ করেন তা দেশের সবথেকে বেশি হারগুলির মধ্যে আছে, গড়ে বছরে মোট 4,000 মার্কিন ডলারের সামান্য বেশি, যা জাতীয় গড়ের তুলনায় প্রায় 1,500 মার্কিন ডলার বেশি জালিয়াতি, মামলা-মোকদ্দমা, আইনি লুপহোল, এবং এনফোর্সমেন্টের দুর্বলতা, সব মিলে গাড়ির ইনস্যুরেন্সের হার বেড়ে যায়, এবং কিছু হিসাব অনুযায়ী সাজানো দুর্ঘটনা এবং এর মাধ্যমে যে ইনস্যুরেন্সের জালিয়াতি হয় তা সকলের প্রিমিয়াম গড়ে বছরে 300 মার্কিন ডলার পর্যন্ত বাড়িয়ে দিচ্ছে।

সাধারণ নিউ ইয়র্কবাসীর জন্য হার কমাতে জালিয়াতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা

দিন দিন আরো কৌশলী হয়ে উঠতে থাকা একটি চক্র সুপরিকল্পিতভাবে দুর্ঘটনা ঘটায়, যা ইনস্যুরেন্স কোম্পানি বা জুরির দেওয়া রায় থেকে "জ্যাকপট" বড় অঙ্কের ক্ষতিপূরণ আদায়ের জন্য পরিকল্পিতভাবে করা হয়ে থাকে। 2023 সালে নিউ ইয়র্ক স্টেটে 1,729টি সাজানো দুর্ঘটনা ঘটেছে, যা সাজানো জালিয়াতির ঘটনার সংখ্যায় দেশজুড়ে দ্বিতীয় সর্বোচ্চ অবস্থানে রয়েছে। সব মিলিয়ে, 2025 সালে বীমা সংস্থাগুলো নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা বিভাগের (Department of Financial Services, DFS) ইন্স্যুরেন্স ফ্রডস ব্যুরোর (Insurance Frauds Bureau) কাছে সন্দেহভাজন মোটর যানবাহন বীমা জালিয়াতির 43,811টি ঘটনা রিপোর্ট করেছে। 2020 সালের 24,238টি সন্দেহজনক মোটর যানবাহন বীমা জালিয়াতির ঘটনার তুলনায় এটি অনেক বেশি, যা গত পাঁচ বছরে 80 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

এই অর্গানাইজড অপরাধীদের চেষ্টার বিরুদ্ধে লড়াই করতে গভর্নর Hochul (হোকল) অটো ইনস্যুরেন্স জালিয়াতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে পুরো সরকারের সমন্বিত উদ্যোগ গ্রহণ করছেন।

- স্টেটের মোটর ভেহিকেল থেফট অ্যান্ড ইনস্যুরেন্স ফ্রড প্রিভেনশন বোর্ডকে (Motor Vehicle Theft and Insurance Fraud Prevention Board) পুনরুজ্জীবিত করা হবে, এটিকে পুরো স্টেটে ইনস্যুরেন্স জালিয়াতির তদন্ত ও প্রসিকিউটের ক্ষমতাকে আরো ভালোভাবে সমর্থন করতে দেওয়া হবে
- প্রসিকিউটররা যাতে শুধু চালকের আসনে থাকা ব্যক্তির বিরুদ্ধে না, বরং একটি সাজানো দুর্ঘটনা ঘটানোর জন্য দায়ী সকল ব্যক্তির বিরুদ্ধে ক্রিমিনাল পেনাল্টি চাইতে পারেন তা নিশ্চিত করতে লেজিস্লেশন
- পুরো নিউ ইয়র্কের ডিসট্রিক্ট অ্যাটর্নিদের সাথে পার্টনারশিপ করে এমন মামলা গঠনে সাহায্য করা হবে যা ইনস্যুরেন্সের বেশি হারের মাধ্যমে নিউ ইয়র্কবাসীর কাছ থেকে অর্থ কেড়ে নেওয়া এই অর্গানাইজড জালিয়াতি বন্ধ করতে পারবে
- ভুয়া মেডিকেল ডায়াগনোসিস, যার কারণে অনেক বড় পেআউট দিতে হয়, তার জন্য সাইন করার জালিয়াতিতে অংশ নেওয়া মেডিকেল সেবাদানকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার চেষ্টা জোরদার করা হবে
- নিউ ইয়র্কের চালকেরা যখন বেআইনিভাবে অন্য স্টেটে তাদের যানবাহন রেজিস্টার করেন তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে, কারণ এটি কৃত্রিমভাবে তাদের কভারেজ কমিয়ে দেয় এবং আইন মেনে চলা নিউ ইয়র্কের চালকদের জন্য খরচ বাড়িয়ে দেয়

ইনস্যুরার জালিয়াতি-বিরোধী প্রোগ্রাম জোরদার করা

বর্তমান আইন জালিয়াতি ও অপব্যবহারের বিরুদ্ধে আইন মেনে চলা কাস্টোমারদের সুরক্ষা দিতে ইনস্যুরারদের সক্ষমতাকে সীমিত করে রেখেছে, কারণ এতে জালিয়াতির ঘটনা সনাক্ত এবং রিপোর্ট করার জন্য তাদেরকে মাত্র 30 দিনের সময় দেওয়া হয়। জালিয়াতি যাতে সনাক্ত হয় এবং শাস্তি নিশ্চিত করা যায়, তার জন্য গভর্নর ইনস্যুরারদের জালিয়াতির ঘটনা রিপোর্ট করার সময় বাড়াবেন এবং আদালতে জালিয়াতির অভিযোগ আনার ক্ষেত্রে যে বাঁধা আছে তা কমাবেন, ফলে ইনস্যুরারদের দাবির তদন্ত করার জন্য আরো সময় দেওয়া হবে এবং তারা ভুলে দাবির অর্থ পরিশোধ করা এড়াতে পারবে। লেজিস্লেশন জালিয়াতির বিরুদ্ধে অভিযানের ফ্লেক্সিবিলিটি বাড়ানো এবং অতি গুরুত্বপূর্ণ ভোক্তা সুরক্ষা রক্ষা করার মধ্যে একটি ভারসাম্য স্থাপন করবে।

দুর্ঘটনার সময় অবৈধ আচরণ করা ব্যক্তিদের জন্য ক্ষতিপূরণ সীমিত করা
ঘটনার সময় চালকেরা যদি অবৈধ কর্মকাণ্ডে জড়িত থাকেন, তাহলে তাদের বড় অঙ্কের বীমা ক্ষতিপূরণ আদায় করতে পারা উচিত নয়। তবে, বর্তমানে প্রচলিত আইন অনুযায়ী, যারা মদ্যপ অবস্থায় গাড়ি চালানোসহ বিভিন্ন অপরাধে জড়িত থাকে, তারাও শারীরিক যন্ত্রণা এবং মানসিক কষ্টের মতো নন-ইকোনমিক ড্যামেজ বাবদ বিশাল অংকের অর্থ পায় যা মূলত নিয়ম-মেনে চলা চালকদের দেওয়া প্রিমিয়াম থেকে পরিশোধ করা হয়। গভর্নর Hochul (হোকল) এই ধরনের নন-ইকোনমিক ড্যামেজের অর্থের পরিমাণ কমিয়ে আনার উদ্যোগ নেবেন, যেখানে দুর্ঘটনার সময় যারা অপরাধমূলক কর্মকাণ্ডে লিপ্ত ছিলেন, যেমন- বীমাবিহীন গাড়ি চালানো, মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর দায়ে দোষী সাব্যস্ত হওয়া অথবা কোনো গুরুতর অপরাধ করা এবং অপরাধ করে পালানোর চেষ্টা করা, তাদের ক্ষেত্রে এই অর্থ প্রদানের সীমা নির্ধারণ করে দেওয়া হবে।

দুর্ঘটনার সময় "মূলত" তাদেরই ভুল এমন ব্যক্তিদের জন্য ক্ষতিপূরণ সীমিত করা
নিউ ইয়র্ক সেই অল্প সংখ্যক স্টেটগুলোর মধ্যে একটি যেটি এমন চালকদেরও অধিক ক্ষতিপূরণ পাওয়ার সুযোগ দেয় যারা দুর্ঘটনার জন্য "অধিকাংশ ক্ষেত্রে" দায়ী, যার মধ্যে নন-ইকোনমিক ড্যামেজও অন্তর্ভুক্ত রয়েছে। এর অর্থ হলো, নিউ ইয়র্কে কোনো দুর্ঘটনার জন্য “মূলত” দায়ী হিসেবে বিবেচিত চালকও সেই দুর্ঘটনার জন্য উল্লেখযোগ্য অঙ্কের ক্ষতিপূরণ নিয়ে বেরিয়ে যেতে পারেন। অধিকাংশ স্টেটে সাধারণ কাণ্ডজ্ঞানসম্পন্ন নীতিমালা রয়েছে যা কেবল তখনই ক্ষয়ক্ষতির ক্ষতিপূরণ পাওয়ার অনুমতি দেয় যখন দুর্ঘটনাটির জন্য বাদী মূলত দায়ী থাকেন না। গভর্নর স্টেটের আইনে এমন পরিবর্তন আনার চেষ্টা করছেন যা কোনো দুর্ঘটনার জন্য চালক নিজেই প্রধানত দায়ী হলে তার প্রাপ্য ক্ষতিপূরণের পরিমাণ সীমিত করবে, যার মধ্য দিয়ে দুর্ঘটনার পর ইনস্যুরেন্স কাকে ক্ষতিপূরণ দিবে সে ব্যাপারে জবাবদিহিতার ব্যবস্থা শুরু করা হবে।

গুরুতর আঘাতের সীমাকে আরো কঠোর করা
নিউ ইয়র্কের নো-ফল্ট বীমা আইন অনুযায়ী, অটো দুর্ঘটনায় গুরুতর আহত ব্যক্তিরা আঘাতজনিত চিকিৎসা ব্যয় বা হারানো মজুরি ফেরত পাওয়ার বাইরেও অতিরিক্ত ক্ষতিপূরণ দাবি করতে পারেন। এই অতিরিক্ত ক্ষতিপূরণের উদ্দেশ্য হলো গুরুতর আঘাতপ্রাপ্ত ভুক্তভোগীদের যন্ত্রণা ও ভোগান্তির মতো অনার্থিক ক্ষতির জন্য সহায়তা প্রদান করা। নিউ ইয়র্কের বর্তমানে আইনে গুরুতর আঘাতের আইনি সংজ্ঞা অস্পষ্ট এবং এটি সবক্ষেত্রে একইভাবে প্রয়োগ করা হয় না, এমনকি এতে সাময়িকভাবে আহত হওয়ার বিষয়গুলোও অন্তর্ভুক্ত হতে পারে যা কাউকে দুর্ঘটনার পর স্বল্প সময়ের জন্য কর্মহীন করে রাখে।

গুরুতর আঘাত শনাক্ত করার ক্ষেত্রে সুস্পষ্ট ও নিরপেক্ষ মেডিকেল স্ট্যান্ডার্ড চালু করার মাধ্যমে গভর্নর Hochul (হোকল) এই নিয়মটি সংশোধন করবেন। এর ফলে অপ্রয়োজনীয় ও বেশি খরচের মামলা-মোকদ্দমা কমবে এবং যারা ছোটখাটো আঘাতকে বড় দেখিয়ে বিমার টাকা হাতিয়ে নেয়, তাদের ঠেকানো যাবে, এতে সাধারণ মানুষের বিমা খরচও নিয়ন্ত্রণে থাকবে।

যৌথ এবং কতিপয় দায়বদ্ধতার সংশোধন

নিউ ইয়র্কে, একাধিক অভিযুক্ত ব্যক্তির অটো দুর্ঘটনা থেকে উদ্ভূত ব্যক্তিগত আঘাতের মামলার ক্ষেত্রে, যদি অন্য কোনো অভিযুক্ত ব্যক্তি অর্থ পরিশোধ না করেন তাহলে প্রত্যেক অভিযুক্ত ব্যক্তিকে, তাদের দোষের পরিমাণ ব্যতিরেকে, অনার্থিক ক্ষতির পুরো অংশের জন্য দায়ী করা যেতে পারে।

নিউ ইয়র্ক 28টি অন্য স্টেটের সাথে যোগ দিয়ে এমন একটি নিয়ম শুরু করবে যা 50 শতাংশের কম দোষী ডিফেন্ডেন্টদের জন্য এই স্ট্যান্ডার্ড বদলে দিবে, যাতে এই ডিফেন্ডেন্টদেরকে শুধু তাদের কারণে হওয়া ক্ষতির জন্য দায়ী করা হয়। এর ফলে ইনস্যুরেন্স কোম্পানিগুলি প্রিমিয়ামের দাম কম করতে পারবে, কারণ তাদের শুধু তাদের ইনস্যুরেন্স করা ব্যক্তিদের কারণে হওয়া ক্ষতির হিসাব দিতে হবে।

সেভিংসের কারণে যাতে ইনস্যুরেন্স কোম্পানির বদলে ভোক্তারা লাভবান হন তা নিশ্চিত করা

1970-এর দশক থেকে DFS অটো বীমা কোম্পানিগুলো যেন ভোক্তাদের ওপর ভর করে অতিরিক্ত মুনাফা করতে না পারে—সে জন্য একটি গুরুত্বপূর্ণ ভোক্তা সুরক্ষা ব্যবস্থা হিসেবে এক্সেস প্রফিট আইন বজায় রেখে আসছে। এই আইনটি একটি "সার্কিট ব্রেকার" হিসেবে কাজ করে, যার মাধ্যমে অটো বীমা কোম্পানিগুলোকে নির্ধারিত একটি সীমার বেশি যে কোনো মুনাফা সরাসরি পলিসিধারীদের কাছে ফেরত দিতে বাধ্য করা হয়। সাম্প্রতিক সময়ে বীমা প্রতিষ্ঠানগুলো লোকসানের মুখে থাকলেও, উপরে বর্ণিত অটো ইন্স্যুরেন্স আইনের পরিবর্তনগুলো কার্যকর হলে বীমার খরচ অনেক কমে আসবে বলে আশা করা যাচ্ছে। যদি এই সংশোধনগুলি কার্যকর করা হয়, তাহলে গভর্নর Hochul (হোকল) ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসকে (DFS) Excess Profit Law এবং বিশেষ করে বর্তমান থ্রেশহোল্ড ট্রিগার ভালো করে পরীক্ষা করার নির্দেশ দেবেন, যাতে ভোক্তাদের অগ্রাধিকার দেওয়া হয়।

অটো ইনস্যুরেন্সের বাজারে পলিসিধারীদের জন্য স্বচ্ছতা বৃদ্ধি

প্রায়শই দেখা যায়, কোনো ব্যাখ্যা বা প্রেক্ষাপটের কোনো দৃশ্যমান পরিবর্তন ছাড়াই পলিসিধারীদের অটো ইন্স্যুরেন্সের হার বৃদ্ধি পায়। উচ্চ হারের এই সময়ে, নিউ ইয়র্কবাসীর জানার অধিকার রয়েছে—কখন এবং কেন তাদের বীমা প্রিমিয়াম বাড়ছে। গভর্নর ইনস্যুরারদের জন্য হার পরিবর্তন সম্পর্কে পলিসি তৈরিকারীদের জানাতে এবং পরিবর্তন কেন হচ্ছে তা ব্যাখ্যা করা আবশ্যিক করার মাধ্যমে স্বচ্ছতা বাড়াবেন।

নিরাপদ ভাবে গাড়ি চালানোর ইনসেন্টিভ বাড়ানো

একদিকে যেমন অসাধু ব্যক্তিরা যেন ব্যবস্থার অপব্যবহার করতে না পারে সে বিষয়ে সতর্ক থাকতে হবে, তেমনি অন্যদিকে বীমা কোম্পানিগুলোর উচিত নিয়ম মেনে চলা এবং নিজের ও অন্যদের নিরাপদ রাখেন—এমন চালকদের পুরস্কৃত করার সুযোগ খোঁজা। গভর্নর Hochul (হোকল) আমাদের রাস্তাকে আরো নিরাপদ করার চেষ্টায় চালকদের পার্টনার হিসেবে যোগ করে ইনস্যুরেন্সের খরচ কমাতে চাইছেন, যেখানে ইনস্যুরেন্সের হার কমাতে টেকনোলজি ব্যবহার করা হবে। গভর্নর এছাড়াও অনিরাপদ গাড়ি চালানো এবং জালিয়াতি কমাতে পারে এমন প্রোগ্রামে নিজের ইচ্ছায় অংশগ্রহণ করা চালকদের জন্য ইনস্যুরেন্সের হারে ছাড় দেওয়া ইনস্যুরেন্স কোম্পানিগুলির জন্য আবশ্যিক করবেন।

সাফোক কাউন্টির আইনসভার মাইনোরিটি লিডার Jason A. Richberg (জেসন এ. রিচবার্গ) বলেন, "সব দিক বিবেচনায়, নিউ ইয়র্কবাসীরা তাদের সবচেয়ে দুর্বল জায়গায় আঘাত পাচ্ছেন — তাদের পকেটে— আর আমাদের সাধ্যমতো সবকিছু করাটা জরুরি যাতে এই বোঝা কমানো যায়। লং আইল্যান্ডের পরিবারগুলো কাজে, স্কুলে এবং চিকিৎসা নিতে যাওয়ার জন্য তাদের গাড়ির ওপর নির্ভরশীল, এবং সিস্টেমে জালিয়াতি এবং অপব্যবহারের কারণে দেশের সর্বোচ্চ বীমা প্রিমিয়ামের মাধ্যমে তাদের শাস্তি পাওয়া উচিত নয়। সাজানো দুর্ঘটনা কঠোরভাবে দমন এবং ব্যয়বহুল আইনি ফাঁকফোকরগুলো বন্ধ করার ব্যাপারে গভর্নর Hochul (হোকল)-এর এই বিশেষ গুরুত্ব প্রদান বীমার প্রিমিয়াম কমাতে সাহায্য করবে যা শ্রমজীবী পরিবারগুলোর মাসিক বাজেটে একটি ইতিবাচক প্রভাব ফেলবে। এটি মূলত সাশ্রয়ী সক্ষমতা, ন্যায্যতা এবং পরিশ্রমী বাসিন্দাদের চাহিদাকে বীমা কোম্পানিগুলোর ঊর্ধ্বে প্রাধান্য দেওয়ার একটি উদ্যোগ।"

সাফোক কাউন্টির লেজিসলেটর Tom Donnelly (টম ডোনেলি) বলেন, "পুরো সাফোক কাউন্টি এবং নিউ ইয়র্ক স্টেটজুড়েই খরচ ইতোমধ্যে অনেক বেশি, যেখানে মানুষকে প্রতিনিয়ত ভাবতে হচ্ছে কিভাবে তারা ইউটিলিটি বিল, মুদি বাজার, স্বাস্থ্যসেবা এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যয় মেটাবে। দেশের মধ্যে অন্যতম সর্বোচ্চ কার বীমা প্রিমিয়াম পরিশোধ করা এই পরিস্থিতিকে আরো কঠিন এবং চ্যালেঞ্জিং করে তুলেছে। আমাদের কঠোর পরিশ্রমী বাসিন্দারা যাতে এখানে বসবাস করার সামর্থ্য বজায় রাখতে পারেন সেজন্য এই ক্রমবর্ধমান অটো ইন্স্যুরেন্স রেট নিয়ন্ত্রণের উপায় খোঁজার ক্ষেত্রে নেতৃত্ব দেওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

টাউন অব ব্যাবিলনের সুপারভাইজার Rich Schaffer (রিচ শ্যাফার) বলেন, "লং আইল্যান্ডে বসবাসরত পরিবারগুলো যেখানে ইতোমধ্যে জীবনযাত্রার উচ্চ ব্যয়ের সম্মুখীন, সেখানে পরিকল্পিত দুর্ঘটনা এবং প্রতারণার কারণে গাড়ির বীমা প্রিমিয়াম বৃদ্ধি পাওয়া আর্থিক চাপকে আরো বাড়িয়ে তুলছে। এই প্রতারণাগুলো নিয়ম মেনে চলা দায়িত্বশীল চালকদের খরচ বাড়িয়ে দেয়। বীমা জালিয়াতি মোকাবেলা এবং লং আইল্যান্ডবাসীদের পকেটে প্রকৃত অর্থ ফিরিয়ে দেওয়ার লড়াইয়ে নেতৃত্ব প্রদানের জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

Best Way Auto Collision of Deer Park, Inc.-এর মালিক Ibrahim Duman (ইব্রাহিম ডুমান) বলেন, "লং আইল্যান্ডে একটি অটো বডি শপ চালানোর সুবাদে দেখা যায় মানুষ কতটা কঠোর পরিশ্রম করে এবং তাদের বীমা খরচ ক্রমাগত বাড়ার কারণে তা কতটা হতাশাজনক হয়ে দাঁড়ায়। এর অনেকটা অংশই আসে প্রতারণামূলক বীমা দাবি থেকে। এর মানে হলো ভুল না করা গ্রাহকদের বেশি প্রিমিয়াম দিতে হয়। আমি গভর্নর Hochul (হোকল)-এর এই পর্যন্ত আসাকে এবং এই বিষয়টিকে গুরুত্বের সাথে গ্রহণ করার বিষয়টিকে সাধুবাদ জানাই, কারণ এটি এমন একটি সমস্যা যা আমাদের গ্রাহক এবং আমাদের কমিউনিটিকে প্রায়শই প্রভাবিত করে।"

সাফোক কাউন্টি অ্যালায়েন্স অফ চেম্বার অফ কমার্সের (Suffolk County Alliance of Chambers of Commerce) চেয়ারম্যান Bob Fonti (বব ফন্টি) বলেন, "বাড়তে থাকা অটো ইনস্যুরেন্সের খরচ লং আইল্যান্ডের (Long Island) পরিবার এবং ছোট ব্যবসাগুলিকে চাপের

মুখে ফেলছে, এবং গভর্নর Hochul (হোকল) এর মোকাবেলায় অর্থপূর্ণ পদক্ষেপ নিচ্ছেন। সাজানো দুর্ঘটনার জালিয়াতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া, কারো ভুল নেই এমন ব্যবস্থাকে আধুনিক করা এবং ইনস্যুরেন্স ইন্ডাস্ট্রির স্বচ্ছতা বাড়ানোর জন্য তার প্রস্তাবনাগুলি বাস্তবসম্মত, ভারসাম্য তৈরির পদক্ষেপ যা বৈধ দাবি রক্ষা করার সাথে সাথে খরচ কমাতে সাহায্য করবে। অর্থনৈতিক বিকাশের জন্য ক্রয়ক্ষমতা অনেক বেশি প্রয়োজন, এবং এই সংশোধনগুলি বুঝতে পেরেছে যে ইনস্যুরেন্সের খরচ শুধু একটি ভোক্তা সমস্যা না, বরং একটি ব্যবসা এবং কর্মশক্তিরও সমস্যা।"

Suffolk Transportation Service-এর প্রেসিডেন্ট এবং CEO John Corrado (জন কোরাডো) বলেন, "অটো ইনস্যুরেন্সের ক্ষেত্রে আমাদের সাশ্রয় করা প্রতিটি মার্কিন ডলার আমাদেরকে আরো ভালো সেবা দিতে, ট্যাক্সপেয়ারদের জন্য অর্থ সাশ্রয় করতে এবং আমাদের বাস চালকদের সহায়তা করতে সাহায্য করবে। নিউ ইয়র্কবাসীদের দেশের সর্বোচ্চ অটো ইনস্যুরেন্সের হার দিতে হওয়া উচিত না তা বুঝতে পারার এবং এই লড়াইয়ে অংশ নেওয়ার সাহস দেখানোর জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) কাছে কৃতজ্ঞ।"

লি মেইন স্ট্রিট অ্যালায়েন্স (LI Main Street Alliance) এবং ভিশন লং আইল্যান্ড (Vision Long Island)-এর ডিরেক্টর Eric Alexander (এরিক অ্যালেকজান্ডার) বলেন, "ব্যয় নিয়ন্ত্রণের চেষ্টা করার সময় বাসিন্দা এবং ব্যবসার মালিকদের জন্য গাড়ির ইনস্যুরেন্সের অনেক বেশি খরচ বারবার একটি সমস্যা হিসেবে উঠে এসেছে। এই অসহনীয় খরচ কমিয়ে অন্যান্য স্টেটের মতো করার প্রস্তাব দেওয়ার জন্য গভর্নর Hochul-এর (হোকল) ধন্যবাদ।"

লং আইল্যান্ড আফ্রিকান আমেরিকান চেম্বার অব কমার্সের (Long Island African American Chamber of Commerce) প্রেসিডেন্ট Phil Andrews (ফিল অ্যান্ড্রুজ) বলেন, "প্রতারণার ফলে অবশ্যই কারো না কারো ক্ষতি হয়। অটো ইন্স্যুরেন্স বীমার উচ্চমূল্য অর্থনীতির ওপর নেতিবাচক প্রভাব ফেলে, বিশেষ করে আমাদের লং আইল্যান্ডের এই কমিউনিটিগুলোতে। এগুলো অর্থনৈতিক গতিশীলতাকে বাধাগ্রস্ত করে এবং ব্যবসা পরিচালনা করা, পণ্য সরবরাহ করা, কর্মস্থলে যাতায়াত করা, স্কুলে যাওয়া এবং পরিবারের সাথে দেখা করাকে আরো কঠিন ও ব্যয়বহুল করে তোলে। বীমার প্রিমিয়াম বাড়িয়ে দেওয়া সুযোগসন্ধানী অপতৎপরতা এবং অপব্যবহারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য — এবং কঠোর পরিশ্রমী লং আইল্যান্ডবাসীদের জন্য অটো ইন্স্যুরেন্সকে আরো সাশ্রয়ী করার লক্ষ্যে কাজ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই।"

লং বিচ ল্যাটিনো সিভিক অ্যাসোসিয়েশনের (Long Beach Latino Civic Association) এক্সিকিউটিভ ডিরেক্টর Helen Dorado Alessi (হেলেন ডোরাডো অ্যালেসি) বলেন, "প্রতারণামূলক বীমা দাবির কারণে যে উচ্চ ব্যয় হয়, তা অন্যায়ভাবে সবার ওপর বোঝা তৈরি করে। সাধারণ নিউ ইয়র্কবাসীদের বীমা খরচ কমাতে জালিয়াতি কমানো এবং দোষীদের শাস্তির আওতায় আনতে গভর্নরের বলিষ্ঠ পদক্ষেপকে আমরা সমর্থন জানাই। সবার জন্য ন্যায্য ও অ্যাক্সেসযোগ্য বীমা সুবিধা নিশ্চিত করতে এই পদ্ধতিগত খরচগুলোর সমাধান করা এখন সময়ের দাবি। জীবনযাত্রার ব্যয় বাড়তে থাকায় সাধারণ মানুষের ওপর চাপ বাড়ছে, আর এই সমস্যার কারণে লং আইল্যান্ডের পরিবারগুলো সবচেয়ে বেশি বিপদে আছে। যেহেতু আমাদের

কমিউনিটির মানুষের জন্য গাড়ি ও ট্রাকই যাতায়াতের প্রধান মাধ্যম, তাই স্থানীয় অর্থনীতির স্থিতিশীলতা ধরে রাখতে বীমা খরচ কমানো অত্যন্ত জরুরি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন